

B.A. 2nd Semester (Honours) Examination, 2023 (CBCS)

Subject : Bengali

Course : CC-3

Time: 3 Hours

Full Marks: 60

দক্ষিণ-প্রান্তের সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক।
পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দাও।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) 'কোথায় পরাণনাথ বলি খেণে কান্দে'— কে 'কান্দে'? 'পরাণনাথ' কে?
 (খ) 'চিত মোর হরিয়া নিলে ছলিয়া নাগর ছলে'— কে কাকে 'নাগর ছলে' ছলনা করেছেন?
 (গ) 'ভগিতা' কাকে বলে?
 (ঘ) 'আঙ্গিনার মাঝে বঁধুয়া ভিজিছে
 দেখিয়া পরাণ ফাটে'।
 — এখানে 'বঁধুয়া' কে? তাঁকে দেখে কার 'পরাণ ফাটে'?
 (ঙ) 'অনুভবি কানু-পিরীতি অনুমানিয়ে
 বিঘটিত বিহি নিরমাণ।।'
 — চরণটির অর্থ লেখো।
 (চ) 'তাকর চরণে দীনহীন বধিত'— কে, কেন নিজেকে 'বধিত' বলেছেন?
 (ছ) বৈষ্ণব শাস্ত্র মতে রস কয় প্রকার ও কী কী?
 (জ) 'এবার মায়ে-ঝিয়ে করবো ঝগড়া'— এখানে 'মা' ও 'ঝি' কে কে?
 (ঝ) 'হিয়ার জল ঝিয়ার চোখে উথলিল'— অর্থ কী?
 (ঞ) 'গেলে যদি কৃষ্ণিবাস না পাঠান ভাবি তাই'— কে বলেছেন? 'কৃষ্ণিবাস' বলতে বক্তা কাকে বুঝিয়েছেন?
 (ট) 'কহিলা কাতরে নবমীর নিশা-শেষে গিরীশের রাণী'— 'গিরীশ' এবং তাঁর 'রাণী'-র পরিচয় কী?
 (ঠ) শাক্তপদ রচনা করেছেন, উনিশ শতকের এমন দুজন কবির নাম উল্লেখ করো।
 (ড) 'ছিল স্থানের মধ্যে অভয়চরণ, তাও নিয়েছেন ত্রিপুরারি'— উদ্ধৃত অংশের তাৎপর্য কী?
 (ঢ) 'এক আসামী ছয়টা প্যাদা'— 'আসামী' এবং 'ছয়টা প্যাদা'-র রূপক-তাৎপর্য লেখো।
 (ণ) 'নর-কর কটি বেড়া, খুলে পর মা পীতধড়া'— কোন পর্যায়ের পদ? পর্দকতার নাম কী?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) 'প্রার্থনা' কাকে বলে? তোমাদের পাঠ্য নরোত্তম দাসের লেখা 'প্রার্থনা' পর্যায়ের পদটির ভাববস্তু ব্যাখ্যা করো।
 (খ) 'সখাগণ আগে পাছে গোপাল করিয়া মাঝে
 ধীরে ধীরে করহ গমন।'
 —কোন পর্যায়ের পদ? উদ্ধৃত অংশের মধ্যে উৎকর্ষাকাতর মাতৃহৃদয়ের যে প্রকাশ ঘটেছে, তার পরিচয় দাও।

- (গ) 'ভাবোল্লাস' বলতে কী বোঝায়? তোমাদের পাঠ্য ভাবোল্লাস-বিষয়ক পদটির কাব্যসৌন্দর্য বিচার করো।
- (ঘ) 'কবে যাবে বল গিরিরাজ'— কার প্রতি কার জিজ্ঞাসা? পাঠ্য পদ অনুসরণে গিরিরাজ চরিত্রটি বিশ্লেষণ করো।
- (ঙ) 'যেও না রজনী আজি লয়ে তারাদলে'— কার লেখা পদ? প্রাসঙ্গিক পদ অবলম্বনে বক্তার চরিত্রের কোন দিকটি উজ্জ্বল হয়ে উঠেছে আলোচনা করো।
- (চ) 'প্যাদার রাজা কৃষ্ণচন্দ্র, তার নামেতে নিলাম জারি।
যে পান বেচে খায় কৃষ্ণ পাস্তি তারে দিলে জমিদারী।।'
—পদকর্তা কে? উদ্ধৃত অংশের তাৎপর্য ব্যাখ্যা করো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

১০×২=২০

- (ক) 'মাথুর' বলতে কী বোঝায়? পাঠ্যপদ অবলম্বনে মাথুর পর্যায়ে রাধার মনোবেদনার পরিচয় দাও।

অথবা,

পূর্বরাগের সংজ্ঞা কী? পঠিত পদ অবলম্বনে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব বিচার করো।

- (খ) শাক্তপদে 'বিজয়া' বলতে কী বোঝায়? বিজয়ার পদগুলিতে যে করুণ রসের প্রকাশ লক্ষ করা যায়, তোমাদের পাঠ্য পদগুলি অবলম্বন করে তার পরিচয় দাও।

অথবা,

'ভক্তের আকৃতি' কাকে বলে? পাঠ্য পদ অবলম্বনে 'ভক্তের আকৃতি'-র ভাববস্তু বিচার করো।